দৈনিক বাংলা

তারিখ ... 20.1.84 ...
পৃষ্ঠা ... ... কলাম ...

001

# বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য ১৪ জনকে মরণোত্তর পুরস্কার

(স্টাফ রিপোর্টার)

শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য মজলুম জননেতা মরহুম মওলানা ভাসানীকে এবং সাংবাদিকতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ তিনজন প্রখ্যাত সাংবাদিককে ইসলামিক ফাউন্ডেশনের মরণোত্তর পুরস্কার ও সনদপত্র (১৪০৩ হিজরী) প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

(৫-এর পৃঃ দ্রঃ)

## পুরস্কার

(১-এর পৃঃ পর)

প্রয়াত তিনজন সাংবাদিক হচ্ছেন: সর্বজনাব আবুল কালাম শামসুদ্দিন, আবুল মনসুর আহমদ ও খন্দকার আবদুল হামিদ। এ পুরস্কার দেয়া হবে নগদ ১০ হাজার টাকায়।

ইসলামিক ফাউন্ডেশন আয়োজিত পক্ষকালব্যাপী সীরাতুন্নবী মাহফিলের সমাপনী অনুষ্ঠানে বৃহস্পতিবার একথা ঘোষণা করা হয়।

অন্য যে ১০ জন প্রখ্যাত ব্যক্তিকে ইসলামিক ফাউন্ডেশনের ১৪০৩ হিজরী বছরের জন্য মরণোত্তর পুরস্কার প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়েছে তাঁদের মধ্যে রয়েছেন: সাহিত্যে বিদ্রোহী কবি মরহুম কাজী নজরুল ইসলাম, ইসলামের মৌল তত্ত্বে হক আল্লামা আবুল হাশিম; শিশু সাহিত্যে মরহুম প্রিন্সিপাল ইব্রাহিম খাঁ, অনুবাদে মরহুম ফজলুল করিম; দাওয়ায় মরহুম মওলানা আলাউদ্দিন আল আজহারী; সাহিত্যে মরহুম কবি ফররুখ আহমদ; সমাজ বিজ্ঞানে মরহুম ডঃ হাসান জামান; দাওয়ায় মরহুম আবুল হোসেন ভট্টাচার্য ও সমাজসেবায় মরহুম মাহবুব আলম চাষী।

এছাড়া সমাজসেবার জন্য আঞ্জুমানে মফিদুল ইসলামকেও একটি জাতীয় পুরস্কার ও সনদপত্র দেয়া হবে।